

# মাসিক কিশোর- কিশোরী সংবাদ



প্রচার ও প্রকাশনায় : কোস্ট ফাউন্ডেশন।

সহযোগিতায় : পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

মাস : কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ।

অক্টোবর ২০২২ খ্রি:।

বর্ষ : প্রথম বর্ষ

সংখ্যা : দ্বিতীয় সংখ্যা

## মাসিক মেন্টর সমন্বয় সভা

গত ১৫ অক্টোবর ২০২২ সকাল ৯.৩০ মিনিটে লালমোহন উপজেলার ফরাজগঞ্জ ইউনিয়নের কৈশোর কর্মসূচির মেন্টরদের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ১৮টি ক্লাবের ৪৫ জন কিশোর-কিশোরী উপস্থিত ছিলেন। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফরাজগঞ্জ ইউনিয়নের নারী সদস্য জনাবা, নাসরিন বেগম সদস্য ১, ২, ৩ নং ওয়ার্ড, রোকেয়া বেগম সদস্য-৪, ৫, ৬ নং ওয়ার্ড, নাজমা বেগম সদস্য-৭, ৮, ৯ নং ওয়ার্ড এবং আরো উপস্থিত ছিলেন মো:

মোকাম্মেল হক সচিব ফরাজ গঞ্জ ইউনিয়ন পরিষদ। আলোচনায় অতিথিরা বলেন ০৯ থেকে ১৮ বছরের মধ্যে যারা আছে তারাই

কিশোর-  
কিশোরী।  
এ বয়সটি  
একটি  
আবেগের  
বয়স,



মাসিক মেন্টর সমন্বয় সভা ছবি : রাবেয়া বিনতে

এসময়

তাদের সামনে যা আসে তাই তাদের নিকট ভালো লাগে। কোনটি ভালো কোনটি খারাপ তা বিচার বিবেচনা করার মত জ্ঞান-বুদ্ধি থাকে না। তাই তারা এ বয়সে অনেকেই ভালোর চেয়ে খারাপ কাজের দিকে বেশী ঝুকে পরে। তাদেরকে এ বয়সে নৈতিক শিক্ষা দেয়ার ক্ষেত্রে কিশোর-কিশোরী ক্লাব খুবই গুরুত্ব বহন করে। তাদেরকে বিভিন্ন খেলাধুলার সাথে জড়িয়ে রাখলে খারাপ কাজ থেকে দূরে থাকবে। এ ছাড়াও কিশোর-কিশোরীরা তাদের স্বাস্থ্য সমস্যা ও সচেতন থাকে না, এসময় তাদের শরীর বৃদ্ধির জন্য কোন ধরনের খাবার খেতে হবে, কোন খাবার খাওয়া উচিত নয়, শরীরের কি ধরনের পরিবর্তনগুলি দেখা দিতে পারে তা তারা জানে না। বিশেষ করে কিশোরীদের পরিষ্কার পরিচ্ছন্নতার দিকটি বেশী দেখা উচিত। কারণ এ সময় তাদের শরীরের বেশী পরিবর্তন দেখা দেয়, তাদের পরিষ্কার পরিচ্ছন্নতার দিকে বেশী নজর রাখা উচিত। তাদের একটু অবহেলা করলেই অনেক বেশী রোগে আক্রান্ত হতে পারে। আমরা আমাদের যে ক্লাব যে ওয়ার্ডে আছে যদি তাদের মিটিংয়ে বা কোন ধরনের

সহযোগিতা প্রয়োজন হয় আমাদেরকে ডাকলে আমরা সহযোগিতা করব।

## ভালো কাজ করলে সমাজ তাকে সে পুরস্কার দেয়

কেউ কোন ভালো কাজ করলে সমাজ তাকে সে পুরস্কার দেয় ফরাজগঞ্জ ইউনিয়নের ৭, ৮, ৯ ওয়ার্ডের ইউপি সদস্য নাজমা বেগম বলেন- তোমাদের এ বয়সের কিশোর-কিশোরীরা যদি ইচ্ছা করো যে তোমরা তোমাদের এলাকায় কোন ভালো কাজ করবে তাহলে করতে পারো যেমন কোন একজন গরীব মানুষ অসুস্থ, তোমরা ইচ্ছা করলে কয়েক বন্ধু মিলে তাকে হাসপাতালে নিয়ে চিকিৎসা করিয়ে দিতে পারো, কোন গরীব ঘরের ছাত্র- ছাত্রী যারা

তোমাদের বন্ধু, কেহ বই কিনতে পারেনা, বা স্কুলের পরীক্ষার ফি দিতে পারেনা তাদেরকে সব বন্ধুরা চাঁদা তুলে সহতা করতে পার। তাহলে দেখবে এলাকার মানুষ তোমাদের কে ভালো বাসবে সন্মান করবে।

আমি আমার নিজের জীবনের একটি ঘটনা বলি-আমি একসময় এক কোস্ট

ইউপি সদস্য নাজমা বেগম

ফাউন্ডেশনের একটি প্রজেক্টে কাজ করতাম সে সুবাদে আমি বিভিন্ন বাড়িতে যে পুরুষ ও নারীদের সাথে মিটিং করেছি, বিভিন্ন ভালো কাজের পরামর্শ দিয়েছি, তাদের ছেলে-মেয়েদের স্কুলে ভর্তি করিয়ে দিয়েছি, ইউনিয়ন পরিষদে যেয়ে জন্ম নিবন্ধন করিয়ে দিয়েছি সেখান থেকে তারা আমাকে চিনতেন এবং ভালো বাসতেন। গত নির্বাচনে আমাকে ভোটের জন্য কষ্ট করতে হয়নাই কারণ আমি কোস্টে ভালো কাজ করার জন্য সবাই আমাকে ভোট দিয়ে নির্বাচিত করেছে এ জন্য আমি কোস্ট ফাউন্ডেশনের নিকট ঋণী।

তোমরা ও যদি তোমাদের এলাকায় ভালো কাজ করো তাহলে তোমরা গুণাম পাবে মানুষ তোমাদের ভালো বাসবে। তোমরা

তোমাদের যে কোন ভালো কাজে আমাকে ডাকলে আমি তোমাদের সাথে কাজ করব।

## পিকেএসএফ এর পক্ষ থেকে কর্মসূচি পরিদর্শন

১৮ অক্টোবর ২০২২ সকাল থেকে ৬.৩০ মিনিট পর্যন্ত পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর একটি টিম কোস্ট ফাউন্ডেশন লালমোহন উপজেলার ২০২২-২৩ অর্থবছরের চলমান কৈশোর কর্মসূচি পরিদর্শন করেন। উক্ত দলের সদস্য ছিলেন জনাব মো: আলমগীর হোসেন, ব্যবস্থাপক-কার্যক্রম ও মোসলে রেমান উপ-ব্যবস্থাপক কৈশোর কর্মসূচি, তাদের সাথে ছিলেন মো: আইয়ুব আলী,



আলোচনা করছেন মো: আলমগীর হোসেন-পিকেএসএফ

আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী, রাবেয়া বিনতে খায়ের, প্রোগ্রাম অফিসার ও খোকন চন্দ্র শীল প্রোগ্রাম সমন্বয়কারী কোস্ট ফাউন্ডেশন। সকাল ১০.০০ মিনিট লালমোহন শাখা অফিসে নতুন বিশটি শাখার মেন্টরদের সাথে আলোচনা করেন। সেখানে মেন্টরদের কাজ ও চলমান কর্মসূচি পরিচালনার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বিস্তারিত আলোচনা করেন। ১,০০ মিনিট ফরাজগঞ্জ ৮ নং ওয়ার্ডেও কিশোরী ক্লাবের কিশোরীদের সাথে

কথা বলেন। বিকাল ৩.৩০ মিনিটে রমাগঞ্জ ৬নং ওয়ার্ডের কিশোরী এবং তাদের অভিভাবকদের সাথে কথা বলেন। এসময় ঐ ওয়ার্ডের আরো ৬টি ক্লাবের মেন্টর উপস্থিত ছিলে তাদের সাথেও কর্মসূচি পরিচালনার কোর্শল নিয়ে আলোচনা করেন। আলোচনা শেষে কিশোরী ক্লাবের সদস্যরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করেন।

## আগামী সেপ্টেম্বর, ২০২২ কাজের পরিকল্পনা :

নং	কাজের বিবরণ	সংখ্যা
১.	এলাকাপরিভ্রমণ	৫০ ওয়ার্ড
২.	মেন্টর নির্বাচন ও ক্লাব গঠন	৫০ টি
৩.	ক্লাব মিটিং মনিটরিং	১০০
৪.	কমিউনিটি সভা	৫০ টি
৫.	মাসিক সমন্বয় সভা	১০টি

পত্রিকাটির জন্য যারা লেখা দিয়ে সহযোগিতা করেছেন তাদের সকলকে অসংখ্য ধন্যবাদ। পরবর্তিতে আরো সুন্দর লেখা পাঠানোর জন্য অনুরোধ থাকলো।

## যোগাযোগ :

প্রকল্প সমন্বয়কারি, খোকন চন্দ্র শীল, প্রকল্প অফিস, দক্ষিণ চরনোয়াবাদ সার্কিট হাউজ রোড সংলগ্ন, কোস্ট ফাউন্ডেশন, ভোলা সদর। মোবাইল নম্বর, ০১৭১৩৩২৮৮৩৯.

**বি.দ্র :** এ পত্রিকায় যাদের ছবি দেয়া হয়েছে তা কোন ব্যবসায়িক কাজ বা বিক্রির জন্য নয়।